তারিখ ... AUG. 02 [illegible]
পৃষ্ঠা ৬ কলাম ... ২

দৈনিক ইনকিলাব

60

মুক্তিযোদ্ধা দল আল মদিনা মনোয়ারা কেন্দ্রীয় সংসদ

# ইসলামী শিক্ষা ও মূল্যবোধ ধ্বংস করতেই সরকার শত শত মাদ্রাসা বন্ধ করে দিয়েছে

প্রেস বিজ্ঞপ্তি ঃ বাংলাদেশ জাতীয়তাবাদী মুক্তিযোদ্ধা দল আল মদিনা মনোয়ারা কেন্দ্রীয় সংসদের উদ্যোগে এক প্রতিবাদ সভা স্থানীয় সাথী বোর্ডিং-এর সম্মেলন কক্ষে কেন্দ্রীয় সভাপতি আলহাজ মোশতাক আহমদের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়।

বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশীর উপস্থিতিতে বিভিন্ন বক্তা ক্ষমতাসীন আওয়ামী সরকারের বিভিন্ন অগণতান্ত্রিক কার্যকলাপের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান। এর মধ্যে বিশেষ করে ট্রানজিটের নামে ভারতকে করিডোর প্রদানের সিদ্ধান্ত আইন-শৃংখলা পরিস্থিতির চরম অবনতি, সংসদে বিরোধীদলীয় নেত্রী ও তার পরিবারের সদস্যদের বিরুদ্ধে কুৎসা রটনা, জননেতা অধ্যাপক বদরুদ্দোজা চৌধুরীর একটি সহজ-সরল বক্তব্যকে বিকৃত করে জনমনে বিভ্রান্তি সৃষ্টির অপপ্রয়াসের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানানো হয়।

সভায় বক্তাগণ ইসলামী শিক্ষা ও মূল্যবোধ ধ্বংস করার হীন উদ্দেশ্যে ঐতিহ্যবাহী চট্টগ্রামের দ্বীনিশিক্ষা প্রতিষ্ঠানে গারাঙ্গিয়া ইসলামীয়া আলীয়া মাদ্রাসাসহ শত শত মাদ্রাসার মঞ্জুরী বাতিলের নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অবিলম্বে বাতিলকৃত সকল মাদ্রাসার মঞ্জুরী যথারীতি প্রদানের জোর দাবী জানান। বক্তাগণ দেশ ও জনগণের অতন্দ্রপ্রহরী মুক্তিযোদ্ধাসহ সকল ইসলামপ্রিয় ও দেশপ্রেমিক শক্তিকে এই ব্যর্থ, তাঁবেদার সরকারের পতনের লক্ষ্যে তীব্র গণআন্দোলন গড়ে তোলার উদাত্ত আহবান জানান।

কেন্দ্রীয় সেক্রেটারী জেনারেল মাস্টার মোঃ নূরুল কবিরের পরিচালনায় উক্ত সভায় বক্তব্য রাখেন, সর্বজনাব আব্দুল হামিদ চৌধুরী, হাবিবুর রহমান হাবিব, মাওলানা আব্দুর রহিম, ইউছুপ ছালেহ, মাওলানা সেকান্দর মিঞা, মাহবুবুল হক, মোঃ ইসলাম, আবুল কাশেম সিকদার প্রমুখ নেতৃবৃন্দ।

অতিথি বক্তা হিসাবে বক্তব্য রাখেন জিয়া পরিষদ মদিনা কেন্দ্রীয় কমিটির যুগ্ম আহবায়ক জনাব নাসিমুল হুদা, সহ-আহবায়ক জনাব ছাবের আহামদ, এয়ারপোর্ট শাখার সেক্রেটারী জনাব শাহিদুর রহমান চৌধুরী, সাংগঠনিক সম্পাদক জনাব মীর মোঃ আবু ইলিয়াছ।